জেলা পরিষদ

বাগেরহাট।

**www.zpbagerhat.gov.bd**

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.০৩.২০. ৭৫

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ।
২৬. এপ্রিল, ২০২০ খ্রিঃ।

## খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ইজারাদার/ সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এতদসংঙ্গে তালিকায় বর্নিত জেলা পরিষদ তপশীলভুক্ত অত্রসাথ সংযুক্ত ০৫ (পাঁচ) টি খেয়াঘাট ২০২০-২০২১ অর্থ বছরের ( **০১ জুলাই, ২০২০ হতে ৩০ জুন, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত** ) জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নবর্নিত শর্তাধীনে নির্ধারিত দরপত্র ফরমে **সীলমোহরকৃত খামে** ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী ঃ-**

১। দরপত্র এ অফিসের অনুমোদন সাপেক্ষে গ্রহন করা হবে।

২। দরপত্র নির্ধারিত ফরমে সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। দরপত্র দাতার নাম,পিতার নাম ও পূর্ণ ঠিকানা দরপত্র ফরমে ও খামে লিখতে হবে এবং ছবি সহ ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি অবশ্যই প্রদান করতে হবে।

৩। প্রতিটি দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) অফিস চলাকালীন সময়ে অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/ উপজেলা নির্বাহী অফিসার, রামপাল/মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লিখিত তারিখসমূহে ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,বাগেরহাট/উপজেলা নির্বাহী অফিসার, রামপাল/মোড়েলগঞ্জ,বাগেরহাট কার্যালয়ে দফায় উল্লিখিত তারিখসমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহন করা হবে। বিস্তারিত জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন যে কোন সময়ে জানা যাবে।

### ইজারা দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময় সূচী ঃ

| বিজ্ঞপ্তি নং | দরপত্র সিডিউল এক্ষয়ের শেষ তারিখ ও সময় ( অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ,সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম দফা | ১১/০৫/২০২০ খ্রিঃ তারিখ | ১২/০৫/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত | জেলা পরিষদ কার্যালয় সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, রামপাল ও মোড়েলগঞ্জ | ১২/০৫/২০২০ খ্রিঃ তারিখ বেলা ২.০০ টায়। জেলা পরিষদ, বাগেরহাট |
| ২য় দফা | ২৭/০৫/২০২০ খ্রিঃ তারিখ | ২৮/০৫/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত | ---ঐ--- | ২৮/০৫/২০২০ খ্রিঃ তারিখ বেলা ২.০০ টায়। জেলা পরিষদ, বাগেরহাট |
| ৩য় দফা | ০৭/০৬/২০২০ খ্রিঃ তারিখ | ০৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত | ---ঐ--- | ০৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ বেলা ২.০০ টায়। জেলা পরিষদ, বাগেরহাট |
| ৪র্থ দফা | ১৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ | ২১/০৬/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত | ---ঐ--- | ২১/০৬/২০২০ খ্রিঃ তারিখ বেলা ২.০০ টায়। জেলা পরিষদ, বাগেরহাট |
| ৫ম দফা | ০১/০৭/২০২০ খ্রিঃ তারিখ | ০২/০৭/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত | ---ঐ--- | ০২/০৭/২০২০ খ্রিঃ তারিখ বেলা ২.০০ টায়। জেলা পরিষদ, বাগেরহাট |

৪। ১ম বার যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে, সেগুলি অনুমোদনের জন্য রাখা হবে ও যে সকল খেয়াঘাটের দরপত্র সন্তোষজনক হবে না, সে গুলি যথাক্রমে ২য়,৩য়,৪র্থ ও ৫ম বার নির্ধারিত তারিখে দরপত্র গ্রহন করা হবে এবং ঐ গুলির তালিকা উপস্থিত সকলকে জানিয়ে দেয়া হবে অনুরুপভাবে একই পদ্ধতিতে প্রয়োজন অনুসারে ৫ম বার পর্যন্ত দরপত্র গ্রহন করা হবে । এক্ষেত্রে পুনরায় কোন দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হবেনা ।

৫। খেয়াঘাট ইজারায় আগ্রহী জন্মগত পেশাদার পাটনী/ সর্বসাধারন এর সমর্থনে তার বর্তমান পেশার বিবরনসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র/ ভোটার আইডি কার্ড দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। দাখিলকৃত দরপত্রের সংগে উদ্ধৃত মূল্যের ১০০% টাকা হিসেবে ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট-এ অনুকুলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৭। দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ৫% হারে আয়কর ও ১৫% হারে (মূল্য সংযোজন কর) ভ্যাট হিসেবে যার দরপত্র অনুমোদন হবে তাকে অনুমোদনের পর সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংকে ট্রেজারী চলানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি অত্র অফিসে দাখিল করতে হবে।

৮। দরপত্রে উল্লেখিত উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে পৃথক ভাবে অংকে ও কথায় লিখতে হবে।

৯। দরপত্র যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষর করতে হবে। দরপত্রে কাটাকাটি থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১০। যার দরপত্র গৃহীত/ অনুমোদিত হবে তাকে অনুমোদন পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা বিধি মোতাবেক ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট-এর সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাটটি অন্য কারো নিকট উপ-বন্দোবস্ত (সাব-লীজ) প্রদান করতে পারবে না। ইজারাদার অনুরুপ কোন কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তির কোন শর্ত ভংগ করলে তার ইজারা মূল্য বাজেয়াপ্ত সহ ইজারা আদেশ বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারাদারকে সর্বনিম্ন ০৬ (ছয়) টন ভার বহন করা যায় এমন নৌকা (যন্ত্রচালিত) দ্বারা কমপক্ষে ০২ (দুই)খানা ট্রলার খেয়া পারাপারের কাজে ব্যবহার করতে হবে।

১৩। যন্ত্রচালিত প্রতি ট্রলারে সর্বোচ্চ ২৫ থেকে ৩০ জনের বেশী যাত্রী বহন করা যাবে না।

১৪। ট্রলার চালানো দক্ষ ও অভিজ্ঞসম্পন্ন ব্যক্তিদ্বারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক যাত্রী বহনকারী ট্রলার চালাতে হবে।

১৫। দরপত্র দাতাকে তার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৬। জেলা পরিষদ হতে প্রদত্ত রেট চার্ট অনুযায়ী টোল আদায় করতে বাধ্য থাকতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে প্রকাশ্য স্থানে রেট চার্ট লটকাতে হবে।

১৭। খেয়াঘাটটি জেলা পরিষদের সম্পত্তি বিবেচনা করে সঠিকভাবে রক্ষনা-বেক্ষন করতে হবে এবং যাত্রী সাধারনের খেয়াঘাটে উঠা-নামার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে উভয় পাড়ে যাত্রীগণের সুবিধার্থে অস্হায়ী যাত্রী ছাউনী নির্মান ও উভয় পাড়ে সার্চ লাইট লাগাইতে হবে।

১৮। কোন শর্তযুক্ত দরপত্র গ্রহন করা হবে না।

১৭। দরপত্র দাখিল করার পূর্বে খেয়াঘাটটি সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে খেয়াঘাটের বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহন যোগ্য হবে না।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দরপত্র গ্রহন / স্থগিত রাখার বা যে কোন বা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ, বাগেরহাট কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

২৬/৪/২০

( শৈলেন্দ্রনাথ মন্ডল )
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বাগেরহাট।
ফোন: ০৪৬৮-৬২১১১
তারিখঃ ২৬ এপ্রিল, ২০২০ খ্রিঃ।

২৬/৪/২০২০

স্মারক নং-৪৬.৪২.০১০০.০০১.৩১.০৩.২০.৭৫ (২)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, বাগেরহাট।
৫। জেলা প্রশাসক, বাগেরহাট।
৬। পুলিশ সুপার, বাগেরহাট।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
৮। সিভিল সার্জন, বাগেরহাট।
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সড়ক ও জনপথ অধিদপ্তর/এলজিইডি/ পানি উন্নয়ন বোর্ড/ বাগেরহাট।
১০। উপজেলা চেয়ারম্যান,.........................................বাগেরহাট (সকল)
১১। উপজেলা নির্বাহী অফিসার, .........................................বাগেরহাট (সকল)
১২। মেয়র, বাগেরহাট /মোড়েলগঞ্জ/ মোংলা পৌরসভা।
১৩। সহকারী কমিশনার (ভূমি), বাগেরহাট সদর/মোড়েলগঞ্জ/রামপাল, বাগেরহাট।
১৪। সাব-রেজিষ্ট্রার, বাগেরহাট সদর/মোড়েলগঞ্জ/রামপাল, বাগেরহাট।
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাগেরহাট সদর মডেল থানা /মোড়েলগঞ্জ থানা/রামপাল থানা, বাগেরহাট।
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বাগেরহাট।
১৭। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।
১৮। হিসাব রক্ষক, জেলা পরিষদ, বাগেরহাট।
১৯। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, ................................ উপজেলা, জেলা-বাগেরহাট।
২০। জনাব ....................................................................................................................................
.............................................................................................................................................
.............................................................................................................................................

২১। অফিস কপি/ নোটিশ বোর্ড।

২৬/৪/২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বাগেরহাট।

২৬/৪/২০

বাগেরহাট জেলা পরিষদ তফশীলভূক্ত ২০২০-২০২১ অর্থ বছরে সরকারী সম্ভাব্য ইজারামূল্য সহ ইজারা যোগ্য খেয়াঘাটের তালিকা ঃ-

| ক্রমিক নং | উপজেলার নাম | খেয়াঘাটের নাম | খেয়াঘাটের শ্রেনী | সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য) | ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১। | মোড়েলগঞ্জ | বলাইবুনিয়া খেয়াঘাট | ১ম শ্রেনী | ১,০০০/- | ৭,৪২,৫০০/- |
| ০২। | মোড়েলগঞ্জ | মোড়েলগঞ্জ (হাসপাতাল সংলগ্ন) | ১ম শ্রেনী | ১,০০০/- | ২৫,৩০,০০০/- |
| ০৩। | রামপাল | রামপাল খেয়াঘাট | ২য় শ্রেনী | ৬০০/- | ৬,১২,৭০০/- |
| ০৪। | মোড়েলগঞ্জ | ফুলহাতা খেয়াঘাট | ২য় শ্রেনী | ৬০০/- | ১,৯২,৫০০/- |
| ০৫। | রামপাল | বড়দিয়া খেয়াঘাট | ৩য় শ্রেনী | ৩০০/- | ১৩,৭৫০/- ১২,৭৫০ |

২৫/৪/২০

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,বাগেরহাট।

২৮/৪/২০